# পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল: ৭-১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০
www.pallisanchaybank.gov.bd
**জনসংযোগ বিভাগ**

পসব্য/প্রকা/ব্যব-পরি-দপ্তর/জনসংযোগ-০১/২০২৬-২৭/ ০২ তারিখঃ ০৯/০৭/২০২৬ খ্রি.

**নতুন অর্থবছরের সূচনায় পল্লী সঞ্চয় ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের উদ্দেশ্যে শুভেচ্ছা বার্তা**

সুপ্রিয় সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।

২০২৫–২৬ অর্থবছরে পল্লী সঞ্চয় ব্যাংক ইতিবাচক ব্যবসায়িক ফলাফল অর্জন করেছে। এ অর্থবছরে ব্যাংক ৩৭৬.২৭ কোটি টাকা অপারেটিং প্রফিট অর্জন করেছে। এ অর্জনের জন্য পল্লী সঞ্চয় ব্যাংক পরিবারের প্রতিটি সদস্যকে জানাই আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা।

এ অর্জনের পেছনে মাঠ সহকারী থেকে শুরু করে শাখা, জেলা কার্যালয় এবং প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা-কর্মচারীর আন্তরিকতা, দায়িত্বশীলতা ও নিরলস পরিশ্রম রয়েছে। একই সঙ্গে ব্যাংকের পরিচালনা বোর্ডের দিকনির্দেশনা আমাদের এ অগ্রযাত্রায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

পল্লী সঞ্চয় ব্যাংক শুধু একটি আর্থিক প্রতিষ্ঠান নয়; এটি দেশের প্রান্তিক জনগোষ্ঠী, নারী এবং গ্রামীণ অর্থনীতির উন্নয়নে নিবেদিত একটি বিশেষায়িত ব্যাংক। আমাদের প্রতিটি সাফল্যের সঙ্গে জড়িয়ে আছে অসংখ্য মানুষের স্বপ্ন ও সম্ভাবনা। এ দায়িত্ববোধ থেকেই আমাদের দক্ষতা, আন্তরিকতা ও নিষ্ঠার সঙ্গে আরও সেবামুখী এবং ফলপ্রসূ হয়ে ওঠার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

আপনাদের অনেকেরই পদোন্নতি, আর্থিক ও অন্যান্য প্রাতিষ্ঠানিক সুযোগ-সুবিধা নিয়ে প্রত্যাশা রয়েছে। এসব প্রত্যাশা স্বাভাবিক এবং যৌক্তিক। ব্যাংক কর্তৃপক্ষ কর্মকর্তা-কর্মচারীদের কল্যাণে ইতিবাচক উদ্যোগ গ্রহণে আন্তরিক। তবে আমাদের এটিও মনে রাখতে হবে যে, একটি প্রতিষ্ঠানের সুযোগ-সুবিধা তার আর্থিক সক্ষমতার সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। আয় বৃদ্ধি, ব্যবসার সম্প্রসারণ, খেলাপি ও অতিরিক্ত বকেয়া নিয়ন্ত্রণ এবং পরিচালন দক্ষতা নিশ্চিত করতে পারলেই ভবিষ্যতে আরও উন্নত সুযোগ-সুবিধা নিশ্চিত করা সহজ হবে। অন্যদিকে, প্রতিষ্ঠানের আর্থিক ভিত্তি দুর্বল হলে বিদ্যমান সক্ষমতা/ সুযোগ-সুবিধা ধরে রাখাও কঠিন হয়ে পড়তে পারে। তাই প্রতিষ্ঠানের সাফল্য এবং আমাদের ব্যক্তিগত অগ্রগতি একই সূত্রে গাঁথা।

নতুন অর্থবছরে আমাদের লক্ষ্য হবে আরও উন্নত গ্রাহকসেবা নিশ্চিত করা, ব্যবসার পরিধি ও সঞ্চয়ের পরিমাণ বৃদ্ধি করা, ঋণের গুণগত মান উন্নত করা, এবং শ্রেনীকৃত/খেলাপি ঋণ, বকেয়া ও বিভিন্ন অনিয়ম শূন্যের কোঠায় নামিয়ে আনা। একই সঙ্গে পারস্পরিক সৌহার্দ্য, সুশাসন ও জবাবদিহিতার সংস্কৃতিকে আরও সুদৃঢ় করতে হবে। আমি বিশ্বাস করি, আমরা যদি নিষ্ঠা, সততা ও দলগত মনোভাব নিয়ে কাজ করি, তবে আগামী অর্থবছরে আরও ভালো ফলাফল অর্জন করতে সক্ষম হব।

আসুন, আমরা সবাই মিলে পল্লী সঞ্চয় ব্যাংককে আরও গতিশীল, সেবামুখী, শক্তিশালী ও টেকসই প্রতিষ্ঠানে পরিণত করার লক্ষ্যে একযোগে কাজ করি।

আপনাদের সর্বাঙ্গীণ সাফল্য কামনায়।

০৯/০৭/২০২৬
সালমা বানু
ব্যবস্থাপনা পরিচালক